## বিজ্ঞাপন

এতদ্বারা ডায়োসিসের সকল সরকারী ও বেসরকারী স্কুলের প্রধান শিক্ষক ও শিক্ষিকাদের অনুরোধ করা হচ্ছে যে আপনারা আপনাদের ও স্কুলের সংক্ষিপ্ত ইতিহাস আগামী জুন মাসের মধ্যে ডায়োসিস অফিসের জনসন সন্দীপের কাছে জমা করুন।

ধনাবাদন্তে
সুকল্যাণ হালদার
সম্পাদক, বারাকপুর ডায়োসিসান কাউন্সিল

## মগরাহাট পাষ্টরেটের সান্ডেস্কুল ছাত্রীর কৃতিত্ব



আরোহী আরং মগরাহাট সেন্ট এন্ডুজ চার্চের সান্ডে স্কুলের ছাত্রী এবং যে পঞ্চম শ্রেণীতে পড়ে। রাজ্যস্তরে প্রাথমিক শিক্ষা সংসদ দ্বারা আয়োজিত ক্রীড়া প্রতিযোগীতায় ২০২৫ এর লং জাম্পে ২ য় স্থান অধিকার করেছে। তার এই সাফল্যে মাননীয় বিশপ ও বারাকপুর ডায়োসিসের পক্ষ থেকে প্রভু যীশু বাবার নামে শুভেচ্ছা জানানো হচ্ছে।

## বিশপের স্বপ্নের ডায়োসিস

১. প্রত্যেক পরিবার খ্রীষ্টিয় পরিবার হবে।

২. ডায়োসিসের সকল শিশুরা যেন অবশ্যই Education পায়, এবং ডায়োসিসের English Medium School এ পড়ে।

৩. প্রতিটি শিশু সানডে স্কুলে আসবে এবং সানডে স্কুলগুলো হবে Holistic Sunday School

৪. ডায়োসিসের প্রত্যেক যুবক যুবতী শিক্ষিত হবে।

৫. Youth Activity, Holistic way তে হবে। শুধু গান, প্রার্থনা নয় তার সাথে Education Must, education এ মনযোগ দেওয়া।

৬. প্রতিটি মহিলা সমিতির সভা-সন্মেলন বাড়াতে হবে এবং মহিলা সমিতি গুলো SHG Group এর মাধ্যমে চলবে।

৭. প্রতিটি স্কুলে এ যত বেশী সংখ্যক আমাদের ডায়োসিসের লোক কাজ করবে।

৮. প্রতিটি স্কুলে আমাদের CNI এর ছেলে মেয়েরা, Head Master, Head Mistress, principal হবে, আমাদের স্কুলগুলোতে Minority Status বজায় রাখতে হবে।

৯. প্রত্যেক রবিবারের চার্চের উপাসনায় ডায়োসিসের সকল কর্মীরা অবশ্যই উপস্থিত থাকবেন এবং সক্রিয় অংশগ্রহন করবেন মান্ডলীক সকল কাজে।

১০. পুরোহিতের সন্মান সমাদর করা ও তাদের সুযোগ সুবিধার দিকে সহৃদয় ভাবে খেয়াল রাখতে হবে।

১১. আরও নতুন স্কুল, কলেজ, হোষ্টেল ইত্যাদি তৈরি করতে হবে।

১২. Green Diocese গঠন করতে হবে।

১৩. আরও নতুন নতুন জায়গায় নতুন নতুন চার্চ, পুরোহিত ভবন বানাতে হবে।

**Send in your contributory articles along with photographs to:**
Tell It Out
Bishop's Lodge, 86 Middle Road, Barrackpore, Kolkata-700120, West Bengal, India
Office Phone No- +913325920147; Email: tellitout@rediffmail.com
+917501556971
Website: dioceseofbarrackpore.org.in
The Editor reserves the right to edit contributory articles.
Published by: The Rt. Revd. Subrata Chakrabarty, Bishop, Diocese of Barrackpore, Church of North India
Edited by: Mr. Johnson Sandip of the Diocese of Barrackpore, CNI
Printer : William Carey Press, Barrackpore



# Tell It Out

The Monthly Newsletter of the Diocese of Barrackpore, CNI

Volume 54 | For private circulation only | Estd.1951 | April 2025

## বিশপের পত্র || বৃহত্তর সমাজে আমাদের অংশগ্রহণ ||

### সকলকে নমস্কার জয় যীশু



প্রিয় বারাকপুর ডায়োসিসের সকল পুরোহিত, ডিকন, ইভানজেলিস্ট স্কুলগুলির মাননীয় প্রধান/প্রধানাগণ, বিভিন্ন মন্ডলীর ও পাস্টোরেটের নেতৃবৃন্দ, ডায়োসিসের অফিসকর্মীগণ, ডায়োসিসের সভ্য-সভ্যাগণ, মহিলা সমিতির মায়েরা, যুব সংঘের ছেলে মেয়েরা, সান্ডে স্কুলের ছেলে মেয়েরা, শিক্ষক-শিক্ষিকাগণদের প্রভু যীশুর নামে প্রীতি ও শুভেচ্ছা সম্মান জ্ঞাপন করি। মথি ২৮ অধ্যায় ১৯ পদে প্রভু যীশু আমাদের জন্য যে মহা নির্দেশ দিয়েছেন তা হচ্ছে এই রূপ – "অতএব তোমরা গিয়া সমুদয় জাতিকে শিষ্য কর; পিতার ও পুত্রের ও পবিত্র আত্মার নামে তাহাদিগকে বাপ্তাইজিত কর"।

আসুন আমরা আরো একবার প্রভু যীশু খৃষ্টের এই মহা নির্দেশকে বোঝার চেষ্টা করি এবং আমাদের করণীয় কি এই বিষয়ে নিজেদের মানসিকভাবে প্রস্তুত করি। পবিত্র পদের প্রথম অংশে বলেছেন সমুদয় জাতিকে শিষ্য করার কথা। এখন আপনি সমুদয় জাতি অর্থাৎ আপনার সমাজ ও সম্প্রদায়ের বাইরে যে সব বিভিন্ন সম্প্রদায় ও অন্য ধর্ম বিশ্বাসীরা আছেন তাদের কাছে গিয়ে কি বলবেন ? তাদের এটাই বলুন যে প্রভু যীশু খৃষ্ট আপনাকে ভালোবাসেন। এই সামান্য ছোটো ও মহৎ কথা বলার জন্য ঘর বাড়ী স্ত্রী পুত্র কন্যাদের ছেড়ে যেতে হবে না তবে আপনার আশে পাশের অন্য বিশ্বাসীদের কাছে এই সুসমাচার বলুন। আপনার প্রচার তখনই মান্যতা পাবে যখন আপনি ব্যক্তি জীবনে সৎ চরিত্রের নির্মল মানুষ হয়ে উঠবেন এবং আপনার মধ্য দিয়ে খৃষ্ট প্রকাশিত হবে। সেই সাথে মানুষের দায় আপদ বিপদে তাদের পাশে থাকা, তাদের জন্য ভালো কিছু করা। আর এই বাক্যটা বলা আমাদের প্রভু যীশু আপনাকে/আপনাদেরকে ভালোবাসেন। এটাই একচুয়াল সুসমাচার প্রচার। বৃহত্তর সমাজের রাজনীতি, সরকারী, প্রশাসনিক, জনপ্রতিনিধিরূপে বারাকপুর ডায়োসিসের বিভিন্ন পাস্টোরেটের সভ্য-সভ্যাদের অংশ গ্রহণ থাকলেও ডায়োসিসগতভাবে সংখ্যা অনেক কম। আপনার প্রচারে যে বা যারা বা যিনি আকৃষ্ট হবেন তার জন্য পিতা-পুত্র-পবিত্র আত্মার কাছে ঐকান্তিকভাবে প্রার্থনা করুন যাতে তিনি বা তারা জাগতিক ও আত্মিকভাবে পরিত্রাণ পেতে পারে এবং তাদের নিজস্ব বিশ্বাসই তাদের পিতা পুত্র পবিত্র আত্মার আশীর্বাদে বাপ্তিষ্ম হয়ে যাবে। জাগতিকভাবে সকল সম্প্রদায়ের সাথে সৌহার্দ্য ও সম্প্রীতির বন্ধনকে মজবুত করতে হবে তেমনি আমরা আমাদের দেশের কেন্দ্র ও রাজ্য সরকারের জন্য প্রার্থনা করি। সুশৃঙ্খল জাতিরূপে দেশের সংবিধান ও ঐক্যর প্রতি মান্যতা প্রদর্শন করি। আমি পাস্টোরেট কমিটি ও পুরোহিতদের বলতে চাই যে গ্রামীণ মন্ডলীতে যে নেশাচক্রের বা ড্রাগ চক্রের জ্বালে আমাদের ছেলে মেয়েরা যাতে না জড়িয়ে পড়ে সেই বিষয়ে যেন উপদেশ দিই ও যারা নেশায় যুক্ত তাদের সমাজের মূল স্রোতে প্রকৃত মানুষের মতো ফিরিয়ে আনতে এবং গড়ে তুলতে যেন পদক্ষেপ গ্রহণ করি।

আপনাদের সেবক
বিশপ সুব্রত চক্রবর্তী
বারাকপুর ডায়োসিস
চার্চ অফ নর্থ ইন্ডিয়া

## সম্পাদকীয় || ডায়োসিসের উন্নয়নে সহযাত্রী হন ||



মাননীয় ডায়োসিসের সভ্য-সভ্যাগণ,

প্রভু যীশু খৃষ্টের নামে আপনাদের শুভেচ্ছা নমষ্কার সন্মান ও প্রনাম জানাই। ডায়োসিসের জীবনে আমরা সকলে সহযাত্রী। আসুন ডায়োসিসের উন্নয়ণে আমরা সকলে ভেদাভেদ দ্বন্দ্ব ভুলে নতুন নতুন কর্মসূচী গ্রহণ করি ও তাকে সফল করতে এগিয়ে আসি। আপনাদের সুপরামর্শ সহযোগীতা সাহায্য একান্তভাবে প্রার্থনা করি। আপনাদের সক্রিয় অংশগ্রহণ ছাড়া ডায়োসিসের সকল প্রকার উন্নয়ণ সম্ভব নয়। সারাটি বছর আপনাদের জীবনে সুখ-শান্তি-সুসাস্থ্য সমৃদ্ধপূর্ণ হোক এই কামনা করি। আপনাদের মঙ্গল হোক।

খৃষ্টীয় শুভেচ্ছান্তে
সুকল্যাণ হালদার
সম্পাদক, বারাকপুর ডায়োসিসান কাউন্সিল

## ডায়োসিসের শিক্ষাপ্রতিষ্ঠানে নতুন শিক্ষাবর্ষের উপাসনা











মাননীয় বিশপ সুব্রত চক্রবর্তী বারাকপুর ডায়োসিসের দায়িত্ব নেবার পর থেকে ডায়োসিসের স্কুলগুলিতে একটি আত্মিক ও খৃষ্টীয় নীতি শিক্ষার বাতাবরণ তৈরী হয়েছে। প্রতিটি স্কুলগুলির নতুন সেশন শুরু করার পূর্বে মাননীয় বিশপ চান যাতে প্রভু যীশু বাবার কাছে স্কুলগুলিকে উৎসর্গ করে আশীর্বাদ পেয়ে নতুন উদ্যমে সুশিক্ষা দানের মাধ্যমে স্কুলগুলি যেন সমাজের কাছে জনপ্রিয় হয়ে ওঠে ও চরম উন্নতি করতে পারে। মাননীয় বিশপের উপস্থিতি পবিত্র উপাসনা পরিচালিত হয়েছে এবং মাননীয় বিশপের মূল্যবান উপদেশ ও প্রার্থনার মাধ্যমে স্কুলগুলির শিক্ষক-শিক্ষিকা, সকল কর্মচারীগণ আত্মিক ও নৈতিকভাবে সমৃদ্ধ হয়েছে। সেই সাথে যে স্কুলগুলিতে এই উপাসনা হয়েছে সেগুলি হলো – গত ৩ তারিখে ৮.৩০ মিনিটে বজবজ জোন এবং ১০.৩০ মিনিটে কেওড়াপুকুর জোন। গত ৪ তারিখে ৮.৩০ মিনিটে ক্যানিং জোন এবং ১০.৩০ মিনিটে সোনারপুর জোন। গত ৭ তারিখে ৮.৩০ মিনিটে দমদম জোন এবং ১১ টায় হাবড়া জোন। গত ৮ তারিখে ৯ টায় কৃষ্ণনগর জোন, ১০.৩০ মিনিটে চাপড়া জোন। গত ১০ তারিখে বহরমপুর জোন। এই প্রথম Diocese-এ Govt. Aided & English মিডিয়াম স্কুলগুলোতে শেসান Devosion অর্থাৎ ঈশ্বরের কাছে প্রারম্ভিক করে নূতন শিক্ষাবর্ষ শুরু করা হয়েছে।

## ধন্যবাদের উপাসনা কাঁচড়াপাড়া পাস্টোরেটে




গত ৫ তারিখে কাঁচড়াপাড়া পাস্টোরেটের ডাঙ্গাপাড়া ইমানূয়েল চার্চে একটি ধন্যবাদের উপাসনা পরিচালিত হয়। এই মহাসভায় মাননীয় বিশপ সুব্রত চক্রবর্তী যোগ দেন ও প্রভুর ভোজ সম্পাদনা করেন এবং মূল্যবান উপদেশের মাধ্যমে উপস্থিত ভক্তমন্ডলীকে আত্মিকভাবে তৃপ্তি দান করেন।



## মগরাহাট পাষ্টরেটে মহিলা সম্মেলন







মাননীয় বিশপের উদ্যোগে গত ২ রা মার্চ মগরাহাট পাষ্টরেটের অধীনে সালিকা সেন্ট যোষেফ চার্চে একদিনের মহিলা সম্মেলন অনুষ্ঠিত হয়। DWFCS এর প্রসিডেন্ট মাননীয়া ফ্লোরেন্স সুপ্রিয়া চক্রবর্তী মূল্যবান উপদেশ দেন। মগরাহাট, রাঘবপুর, ঝাঝরা, গাংরাই, বারুইপুর থেকে ৮৫ জন মহিলা প্রতিনিধি যোগ দেন।

# বহরমপুরে স্কুলগুলির MC মিটিং



মাননীয় বিশপের শিক্ষানীতিতে ডায়োসিসের স্কুলগুলির সার্বিক উন্নতি ঘটছে। গত ২৭ তারিখে বহরমপুরে অল স্কুল এম.সি. মিটিং অনুষ্ঠিত হয়। স্কুল বিভিন্ন বিষয় মাননীয় বিশপ মন দিয়ে শুনে প্রয়োজনীয় মূল্যবান পরামর্শ দেন।

# বহরমপুর পাষ্টরেটের হোম ফেষ্টিভ্যাল







গত ২৭ তারিখে বহরমপুর পাষ্টরেটের হোম ফেষ্টিভ্যালে ক্লোজিং সেরেমনিতে সকাল বেলাতে মাননীয় বিশপ যোগ দেন, তিনি প্রকাশিত বাক্যের ১৯ অধ্যায় ৮ পদ অনুসারে বলেন যে মাতৃসম মন্ডলীর আমরা সভ্য-সভ্যাগণ বস্ত্র স্বরুপ এবং গান প্রার্থনা ও মূল্যবান উপদেশ প্রদানের মাধ্যমে উপস্থিত সকলকে আত্মিকভাবে উদ্দীপিত করেন। সন্ধ্যাবেলাতে ডুয়ার্স ডায়োসিসের বিশপ ডেভিড রায়কে সম্বোর্ধনা জানানো হয় পাষ্টরেটের পক্ষ থেকে।





# জিয়াদারগোট পাস্টোরেটে উপাসনা



গত ১১ তারিখে মাননীয় বিশপ জিয়াদারগোট পাস্টোরেটের সেন্ট থোমাস চার্চের একটি সাধারণ উপাসনায় যোগ দেন এবং প্রভুর বাক্য প্রচার করেন এবং উপস্থিত ভক্তমন্ডলীকে আত্মিকভাবে তৃপ্ত করেন৷ ভক্তমন্ডলী মাননীয় বিশপের উপস্থিতিতে আনন্দ প্রকাশ করেছেন ও ধন্যবাদ এবং কৃতজ্ঞতা জানিয়েছেন। প্রকাশিত বাক্য ১৯:৮ "কারণ সেই মসীনা বস্ত্র পবিত্র গণের ধর্ম্মাচারণ। মন্ডলী আমাদের মা, তার কাপড় বা বস্ত্র কী ? এই বিষয়ে উপদেশ দেন মাননীয় বিশপ।

# WBACAS মিটিং

গত ১২ তারিখে মাননীয় বিশপ WBACAS এর মিটিঙে যোগ দেন৷ এই মিটিংটি ১০.৩০ মিনিটে শুরু হয় কলকাতার ডন বস্কোতে। এই মিটিঙে মাননীয় বিশপ আলোচনায় অংশগ্রহণ করে মূল্যবান মতামত দেন।

# নূরশিকদারচকে উদ্দীপনা সভা



মাননীয় বিশপ চান বারাকপুর ডায়োসিসের অভ্যন্তরে খৃষ্টীয় উদ্দীপনা সভার মাধ্যমে আধ্যাত্মিক জাগরণ ছড়িয়ে পড়ুক সেই জন্য তিনি বিভিন্ন ব্যস্ততার মধ্যেও নিয়মিতভাবে সশরীরে উদ্দীপনা সভাতে যোগ দিয়ে থাকেন। গত ১২ তারিখে মাননীয় বিশপ রাঘবপুর পাস্টোরেটের নূরশিকদারচকে অনুষ্ঠিত খৃষ্টীয় উদ্দীপনা সভাতে যোগ দেন এবং গান প্রার্থনা খৃষ্টীয় উপদেশ দিয়ে সকলকে আত্মিকভাবে জাগরিত করেন।

# মোলোঙ্গাতে উদ্দীপনা সভা



ঝাঝরা পাস্টোরেটের মোলোঙ্গাতে গত ১২ তারিখে খৃষ্টীয় উদ্দীপনা সভা অনুষ্ঠিত হয় সন্ধ্যাবেলাতে৷ মাননীয় বিশপ সন্ধ্যা ৭ টার সময় এই খৃষ্টীয় উদ্দীপনা সভাতে যোগ দেন এবং গান প্রার্থনা ও খৃষ্টীয় উপদেশের মাধ্যমে উপস্থিত ভক্তমন্ডলীকে আত্মিকভাবে উদ্দীপিত করেন৷

# মিনিস্ট্রিয়াল কমিটির মিটিং

মাননীয় বিশপের উদ্যোগে ও উৎসাহে গত ১২ তারিখে ডায়োসিসের মিনিস্ট্রিয়াল কমিটির মিটিং অনুষ্ঠিত হয় দমদম সেন্ট স্টিফেন্স স্কুলে বেলা ১ টার সময়৷ এই মিটিংএ ডায়োসিসের বর্তমান মিনিস্ট্রিয়াল কাজকর্মের গতিধারা নিয়ে বিস্তারিত আলোচনা হয়৷ এছাড়াও পৌরহিত্যে অভিষেক, ট্রান্সফার প্রভৃতি বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়৷

# হাবড়া সেন্ট স্টিফেন্স স্কুলের MC মিটিং

মাননীয় বিশপের নতুন শিক্ষানীতির ফলে ডায়োসিসের প্রতিটা স্কুলের প্রশাসনিক ও পঠন-পাঠন বিষয়ে উন্নতি হয়েছে৷ তিনি নিয়মিতভাবে স্কুলগুলির MC মিটিং এ উপস্থিত থাকেন৷ গত ১৪ তারিখে মাননীয় বিশপ হাবড়া সেন্ট স্টিফেন্স স্কুলের MC মিটিঙে যোগ দিয়ে স্কুলের বিভিন্ন বিষয়ে মন দিয়ে শোনেন এবং প্রয়োজনমতো মূল্যবান পরামর্শ দেন৷

# পুণ্য বৃহস্পতিবারের উপাসনায় বিশপ



মাননীয় বিশপ গত ১৭ তারিখে পুণ্য বৃহস্পতিবারের উপাসনা উপলক্ষে প্রথমে বারুইপুর পাস্টোরেটের কল্যানপুর মন্ডলীতে যোগ দেন বিকাল ৪ টের সময় এবং ঝাঝরা পাস্টোরেটে যোগ দেন সন্ধ্যা ৬ টার সময়৷ দুটি উপাসনায় মাননীয় বিশপ গান প্রার্থনা উপদেশের মাধ্যমে উপস্থিত ভক্তদের উদ্দীপিত করেন।

# পুণ্য শুক্রবারের উপাসনায় বিশপ



মাননীয় বিশপ গত ১৮ তারিখে পুণ্য শুক্রবারের উপাসনা উপলক্ষে প্রথমে ক্যানিং সেন্ট গ্যাব্রিয়েল চার্চে ভূমিকা সহ প্রথম বাণী ব্যাখ্যা করেন তারপরে বারুইপুর সেন্ট পিটার্স চার্চে উপাসনায় সপ্তম বাণী ব্যাখ্যা করেন। দুটি উপাসনায় মাননীয় বিশপের উপস্থিতিতে ভক্তমন্ডলী ও পাস্টোরেট কমিটি ধন্যবাদ এবং কৃতজ্ঞতা জানিয়েছেন।

## ইস্টার সার্ভিশে যোগ দেন মাননীয় বিশপ





গত ১৯ তারিখে মাননীয় বিশপ পুনঃরুত্থান রবিবার উপলক্ষে দুটো পাস্টোরেটের উপাসনাতে যোগ দেন। প্রথমে ভোর ৫ টার সময় জিয়াদারগোট পাস্টোরেটের সমাধি ক্ষেত্রে এবং পরে সকাল ৭ টার সময় কেওড়াপুকুর সেন্ট পল’স চার্চের উপাসনাতে যোগ দেন এবং গান প্রার্থনা উপদেশের দ্বারায় উপস্থিত ভক্তগণদের আত্মিকভাবে উদ্দীপিত করেন। পাস্টোরেটের পক্ষে মাননীয় বিশপকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানানো হয়েছে।

## DWFCS এর ইসি এবং মহিলা সন্মেলন হলো গঙ্গাসাগরে



মাননীয় বিশপের উদ্যোগে ও উৎসাহে বারাকপুর ডায়োসিসের DWFCS এর ইসি মিটিং অনুষ্ঠিত হলো এবং গঙ্গাসাগরের নতুন খৃষ্ট ভক্ত মহিলাদের নিয়ে প্রথমবারের মহিলা সন্মেলন হল গঙ্গাসাগরে। দুই দিন ব্যাপী এই মিটিং এর প্রথম দিন মাননীয় বিশপ মিটিং এর শুভ সূচনা করেন প্রার্থনার দ্বারায়। আগামী দিনে মহিলা সমিতির মা ও বোনেদের সৌজন্যে ডায়োসিসের জীবনে যাতে আরো উন্নতি সাধিত হয় সেই বিষয়ে মাননীয় বিশপ সুপরামর্শ ও মূল্যবান মতামত দেন। উপস্থিত ছিলেন বড়গুরুমা ফ্লোরেন্স সুপ্রিয়া চক্রবর্তী ও সেক্রেটারী আত্রেয়ী মন্ডল এবং ট্রেজারার সীমা সরকার, ভাইস প্রেসিডেন্ট মিতা মন্ডল। তারা সকলে সংক্ষিপ্ত বক্তব্য রাখেন। এছাড়া তারা এই দ্বীপের বিভিন্ন দর্শনীয় স্থান পরিদর্শন করেন। এই ইসিতে ১০ জন ইসি মেম্বার, কেওড়াপুকুর, জিয়াদারগোট, রাঘবপুর, ঝাঁঝরা, কাকদ্বীপ পাষ্টরেটগুলি থেকে ২ জন করে মা এই সন্মেলনে যোগদান করেন। সর্ব্বমোট ৪২ জন মা উপস্থিত ছিলেন। অনুষ্ঠানটি পরিচালনা করেন গঙ্গাসাগরের মায়েরা। এই ধরণের সন্মেলন যাতে আরো হয় সেজন্য তারা বিশপ মহাশয় ও ভিপি রেভারেন্ড ডঃ সুরজিত সরকারের কাছে আবেদন রাখেন।

## BDTA, GBFB, EC মিটিং হলো



ডায়োসিসের সার্বিক উন্নয়ন সহ প্রশাসনিক বিষয়ে বিশপ সর্বদা কাজ করে চলেছেন। গত ২৬ তারিখে ১০.৩০ মিনিটে BDTA, ১১ টার সময় GBFB, এবং ১১.৩০ মিনিটে EC মিটিং অনুষ্ঠিত হয়। এই মিটিং এ ডায়োসিসের সার্বিক উন্নয়ন ও প্রশাসনিক বিষয়ে আলোচনান্তে সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

## সোনারপুরে বাপ্তিষ্ম অনুষ্ঠানে বিশপ



গত ৫ তারিখে মাননীয় বিশপ ক্যানিং পাষ্টরেটের সোনারপুর মন্ডলীতে বিকাল ৪.৩০ মিনিটে অভিজিত মাখালের পুত্রকে বাপ্তিষ্ম দেন।



## স্টুয়ার্ডশিপ প্রোগ্রাম ক্যানিং পাষ্টরেটে









মাননীয় বিশপের উদ্যোগে ও সুপরিচালনায় নিয়মিতভাবে ডায়োসিসের স্টুয়ার্ডশিপ কমিটি বিভিন্ন পাষ্টরেটের ডোর টু ডোর হোম ভিসিট এবং ফ্যামিলি প্রেয়ার করছেন ডায়োসিসের পুরোহিতগণ। মাননীয় বিশপ উপস্থিত থেকে রিভাইভাল মিটিং পরিচালনা করেন। গত ২৫ ও ২৬ তারিখে স্টুয়ার্ডশিপ প্রোগ্রাম হলো ক্যানিং পাষ্টরেটে। মোট ৬ টি মন্ডলীতে পুরোহিতগণ গিয়েছিলেন এবং ২৬০ টি পরিবারে ভিসিট করা হয়েছিল। ২৫ তারিখে সন্ধ্যা ৫ টার সময় রিভাইভাল মিটিং হয়েছিল সেন্ট গ্যাব্রিয়েল চার্চে। মাননীয় বিশপ গান প্রার্থনা ও উপদেশের মাধ্যমে সকল ভক্তগণকে আত্মিক ভাবে উদ্দীপিত করেন।









